আপনাকে আরো ভালো জানতে সাহায্য করুন

HSBC
The world's local bank

আপনার গ্রাহককে
এবং
কালো টাকা সাদা করার বিপক্ষতাকে জানুন

- গ্রাহক সচেতনতা

কালো টাকাকে সাদা করা ও আতঙ্কবাদীদের টাকা জোগানো কাকে বলে ?

কালো টাকাকে সাদা করায় আর্থিক সম্পদ গোপন করার ব্যাপার যুক্ত থাকে যাতে সেই অর্থ কোন্ অবৈধ পথে রোজগার হয়েছে না জানানো হলেও তা ব্যবহারে বাধা থাকে না। কালো টাকা সাদা করার এই প্রক্রিয়ায় কালো টাকার মালিক তাঁর অবৈধ ভাবে আয় করা টাকাকে আপাতদৃষ্টিতে বৈধ কোনো উৎস থেকে আয় করা টাকায় রূপান্তরিত করে।

আতঙ্কবাদীদের টাকা জোগানোর অর্থ যেকোনো উপায়ে আতঙ্কবাদ বা আতঙ্কবাদের সমর্থক, পরিকল্পক বা আতঙ্কবাদের সঙ্গে যুক্ত কারো পৃষ্ঠপোষকতায় অর্থ ঢালা। আতঙ্কবাদের উৎস বৈধ হতে পারে, না-ও হতে পারে। দুটি ঘটনা পরস্পরসম্পৃক্ত কারণ কালো টাকা সাদা করার উপায় আর আতঙ্কবাদের পেছনে ঢালা টাকার উৎস ও ব্যবহারবিধি গোপন করার উপায় এক ও অভিন্ন।

কালো টাকা সাদা করার অপরাধ কাকে বলে ?

কালো টাকা সাদা করা প্রতিরোধক ধারা 2002 (প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্ট) (পিএমএলএ)-র অধীনে, যদি কেউ প্রত্যক্ষ বা পরোক্ষে এজাতীয় কার্যকলাপে লিপ্ত হওয়ার চেষ্টা করে, বা জ্ঞানত সাহায্য করে বা জ্ঞানত অবৈধ উপায়ে অর্জিত কালো টাকাকে সাদা টাকা বলে চালানোর প্রক্রিয়া বা কাজের সঙ্গে যুক্ত থাকে তবে সে ব্যক্তি মানি লন্ডারিং বা কালো টাকাকে সাদা করার অপরাধে অভিযুক্ত হবে।

কেওয়াইসি কাকে বলে ?

কেওয়াইসি হল 'নো ইওর কাস্টমার'-এর সংক্ষিপ্ত রূপ, যেটি সাধারণত ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন প্রসেস বা গ্রাহক পরিচিতি প্রক্রিয়ার ক্ষেত্রে ব্যবহৃত হয়। কেওয়াইসি-র সাহায্যে ব্যাঙ্ক তার গ্রাহক ও তাঁদের আর্থিক লেনদেন প্রক্রিয়াকে আরো ভালোভাবে জানতে/বুঝতে পারে যাতে আর্থিক ঝুঁকির মোকাবিলা করা সহজ হয় আর গ্রাহক পরিষেবার কাজও আরো উন্নত হয়।

কেওয়াইসি কি বাধ্যতামূলক ?

হ্যাঁ। এটি নিয়ন্ত্রণগত এবং আইনগত - দুদিক থেকেই আবশ্যক। 2004 সালের 29শে নভেম্বরে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ইস্যু করা নো ইওর কাস্টমার (কেওয়াইসি) মানদন্ড -অ্যান্টি -মানি লনডারিং মেজার্স (এএমএল) সম্পর্কিত নির্দেশনামা অনুসারে, যেকোনো ব্যাঙ্ককে এক পূর্ণায়িত পলিসি ফ্রেমওয়র্ক তৈরি রাখতে হবে যার মধ্যে কেওয়াইসি মানদন্ড ও এএমএল মেজার্সের উল্লেখ থাকা জরুরি। 1লা জুলাই 2006 থেকে চালু হওয়া পিএমএলএ-তে বিধিবদ্ধ ধারা ও 'নিয়ম' মতে কেওয়াইসি ও এএমএল-এর ন্যূনতম মানদন্ড বজায় থাকছে কিনা সেদিকে ব্যাঙ্ক, ফাইনানশিয়াল ইনস্টিটিউশন এবং মধ্যবর্তী এজেন্ট (ইন্টারমিডিয়ারি)দের নজর রাখতে হবে।

ব্যাঙ্ক কখন গ্রাহকদের পরিচয়পত্র যাচাই করবেন ?

পিএমএলএ অনুসারে, অ্যাকাউন্ট খোলার সময় বা সেই অ্যাকাউন্টের মাধ্যমে কোনো লেনদেন করার সময় ব্যাঙ্কের পক্ষ থেকে গ্রাহকের পরিচয়পত্র ও স্থায়ী ঠিকানা বা ঠিকানাগুলি সমেত বর্তমান ঠিকানা বা ঠিকানাগুলি, গ্রাহকের ব্যবসার ধরন ও তাঁর আর্থিক পরিস্থিতি যাচাই করা দরকার।

পরিচয়পত্রের প্রমাণ হিসেবে ব্যাঙ্ককে কী কী দলিল দেখাতে হবে ?

যে দলিল কোনো সরকারী সংস্থা প্রদত্ত এবং যাতে আপনার ফোটো, ঠিকানা ও সই আছে, প্রমাণ হিসেবে সেটি সবচেয়ে সেরা। ব্যক্তিবিশেষের ক্ষেত্রে পাসপোর্ট, ভোটার আইডি, ড্রাইভিং লাইসেন্স, সরকারী আইডি কার্ড, প্রতিরক্ষা বিভাগীয় আইডি কার্ড, ফোটো প্যান কার্ড বা ফোটো রেশন কার্ড গ্রাহকের পরিচিতি প্রমাণ হিসেবে যথেষ্ট।

ব্যক্তিগত নয় এমন সব অ্যাকাউন্টের ক্ষেত্রে ব্যক্তিগত অ্যাকাউন্টের ক্ষেত্রে উল্লেখিত প্রয়োজনীয় যাবতীয় দলিল ছাড়াও নিচের নথীপত্রগুলিও দাখিল করতে হবে:

ব্যক্তিগত প্রোপ্রায়াটারি ফার্মস, পার্টনারশিপ ফার্মস, লিমিটেড এবং প্রাইভেট লিমিটেড কোম্পানি, সোসাইটি, ট্রাস্ট, হিন্দু আনডিভাইডেড ফ্যামেলি (এইচইউএফ) -- সেলস/সার্ভিস ট্যাক্স/আবগারি নথিকরণ, শপস অ্যান্ড এসটাব্লিশমেন্টস অ্যাক্ট-এর অধীনস্থ নথিকরণ, প্যান আইডি / ফার্মের আয়কর (আইটি) রিটার্ন, ফার্মের নামাঙ্কিত জল / বিদ্যুৎ / মিউনিসিপাল করের বিল, পার্টনারশিপ ফার্মস-এর ক্ষেত্রে পার্টনারশিপ ডিড, এছাড়া লিমিটেড ও প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোর্যান্ডাম অ্যান্ড আর্টিকেলস অফ অ্যাসোসিয়েশন, সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন, বোর্ড রেসেলিউশন, শেয়ার হোল্ডিং প্যাটার্ন প্রতিষ্ঠিত করার জন্য রেজিস্টার অফ কোম্পানিজ-এর কাছে দাখিল করা অ্যানুয়াল রিটার্নের একটা কপি, রেজিস্টার অফ কোম্পানিস অ্যানুয়াল রিটার্ন -এর সঙ্গে দাখিল করণীয় ফর্ম 32-র একটি সার্টিফায়েড কপি যেটি শেয়ারহোল্ডিং প্যাটার্ন সনাক্ত করার সুবিধার্থে অ্যানুয়াল জেনারেল মিটিং (এজিএম)-এর পরে দাখিল করতে হয়।

এছাড়া সোসাইটিদের জন্য -- সোসাইটির ধরনের ওপর নির্ভর করে রেজিস্টার অফ কো-অপারেটিভ সোসাইটিজ অথবা সাব-রেজিস্টার অফ অ্যাশিউরেন্সেস-এর কাছে সোসাইটি নথিভুক্ত করার সার্টিফিকেটের ফোটোকপি, বাই ল'জ / মেমোর্যান্ডাম অফ অ্যাসোসিয়েশন / কনস্টিটিউশন -- যখন যেটা প্রযোজ্য। অ্যাকাউন্ট / প্যান কার্ড / প্যান অ্যালটমেন্ট লেটারে লিখিত নির্দেশ খোলা ও সই করার জন্য মেমোর্যান্ডাম অফ অ্যাসোসিয়েশন / বাই ল'জ-এ উল্লেখিত ম্যানেজিং কমিটি / বোর্ড / অফিস বেয়ারারদের দ্বারা সমর্থিত প্রস্তাব।

ট্রাস্ট অ্যাকাউন্টস: ট্রাস্ট ডিডের কপি, চ্যারিটি কমিশনারের ইস্যু করা সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন-এর ফোটোকপি, ট্রাস্টস দ্বারা ফাইল করা আয়কর রিটার্নস ও চ্যারিটি কমিশনারকে দেওয়া রিটার্নস, অ্যাকাউন্টটি খোলার সপক্ষে ট্রাস্টিদের দ্বারা সমর্থিত প্রস্তাব।

এইচইউএফ অ্যাকাউন্টস-এর জন্য - এইচইউএফ-এর প্যান আইডি

অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে উপরে প্রদত্ত তথ্য সম্পূর্ণ তালিকা নয়, একটা ধারনা দেওয়া হয়েছে মাত্র। বিশদ জানতে নির্দ্বিধায় আমাদের শাখায় আসুন, আমাদের ফোন ব্যাঙ্কিং নম্বরে যোগাযোগ করুন বা info@hsbc.co.in-এ চিঠি লিখুন ।

কেওয়াইসি বিষয়ে জানতে হলে ব্যাঙ্কের শাখায় কার সঙ্গে যোগাযোগ করব ?

ব্যাঙ্কে আপনার রিলেশনশিপ ম্যানেজার বা যে অফিসার আপনার অ্যাকাউন্ট খুলেছেন ও টাকা লেনদেনের ব্যাপারে আপনার সঙ্গে যুক্ত থেকেছেন তাঁর সঙ্গে যোগাযোগ করুন ।

কেওয়াইসি তথ্যাদি নিয়ে ব্যাঙ্ক কী করে ?

অ্যাকাউন্ট খোলার সময়/বিভিন্ন সময়ে ব্যাঙ্ক যে কাস্টমার প্রোফাইল সংগ্রহ করে তা গোপনীয় রাখা হয় এবং প্রযোজ্য আইন ও বিধিনিয়মের প্রয়োজন ছাড়া কারো কাছে প্রকাশ করা হয়না ।

প্রয়োজনীয় কেওয়াইসি তথ্যাদি নথিপত্র ব্যাঙ্ককে না দিলে কী হবে ?

সেক্ষেত্রে ব্যাঙ্ক আপনার অ্যাকাউন্ট খুলতে অস্বীকার করতে পারে (যদি আপনি সম্ভাব্য গ্রাহক হন) এবং কেওয়াইসি তথ্য / নথিপত্র না দেওয়ার কারণে আপনার সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে পারে (যদি আপনি বর্তমান গ্রাহক হন)। তবে কিছু বিশেষ শ্রেণীর গ্রাহকের ক্ষেত্রে ব্যাঙ্ক 23 আগস্ট 2005 তারিখের আরবিআই ডিবিওডি বিজ্ঞপ্তি নং এএমএল.বিসি.28 /14.01.001/ 2005-06 অনুসারে নিয়মের বাইরে গিয়ে অ্যাকাউন্ট খুলতে পারে ।

HSBC
The world's local bank

Issued by The Hongkong and Shanghai Banking Corporation Limited, India. Incorporated in Hongkong SAR with limited liability